



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION

27, Ballygunge Circular Road, Kolkata - 700019



## Work Sheet - 1

### Class: 3 A & C

**Subject: Bengali Grammar**

**Date: 8/4/2020**

১। বাক্যে উত্তর দাও :-

ক) আমাদের মাতৃভাষা কী ?

খ) বাক্য তৈরী করতে কী লাগে ?

গ) ভারতের প্রধান ভাষা কতকগুলো ?

ঘ) বাগযন্ত্রগুলি সাধারণত আমাদের শরীরের কোথায় থাকে ?

২। এলোমেলো বর্ণগুলি সাজিয়ে সঠিক শব্দ বানাও:-

লুকভা , রশেচাপা , বীথিপ্ , হাতমভার

৩। ঠিক বা ভুল লেখ :-

ক) আমরা সবসময় সাধুভাষায় কথা বলি।

খ) বর্ণকে পাশাপাশি সাজিয়ে বাক্য তৈরী হয়।

গ) হ্রস্বস্বর উচ্চারণ করতে কম সময় লাগে।

ঘ) বাংলা ব্যাকরণ লেখার প্রথম চেষ্টা করেন বিদেশীরা।

৪। উদ্দেশ্য ও বিধেয় ভাগ কর :-

ক) বাঘ একটি হিংস্র পশু।

খ) নদীর ধারে একটি বন আছে।

গ) আমরা মন দিয়ে লেখাপড়া করব।

ঘ) শরৎকালে কাশ ফুল দেখা যায়।

৫। শূন্যস্থান পূরণ কর :-

ক) লেখ্য ভাষার দুটি রূপ সাধু ও \_\_\_\_\_।

খ) বর্ণমালা গঠিত হয় স্বরবর্ণ ও \_\_\_\_\_ দিয়ে।

গ) ভাষা আবিষ্কারের জন্য \_\_\_\_\_ হয়েছে পৃথিবীর শ্রেষ্ঠ প্রাণী।

ঘ) ঐ এবং ঔ এই দুটি বর্ণকে বলে \_\_\_\_\_ স্বর।

Manashi Chaudhuri